

রহমান রহীম আল্লাহ্ তাআলার নামে

- ০৮৩-১ দুর্ভাগ তাদের জন্যে যারা মাপে কম দেয়,
- ০৮৩-২ যারা (অন্য) মানুষদের কাছ থেকে যখন মাপে নেয় তখন পুরোপুরি আদায় করে নেয়,
- ০৮৩-৩ (আবার) নিজেরা যখন (অন্যের জন্যে) কিছু ওয়ন কিংবা পরিমাপ করে তখন কম দেয়;
- ০৮৩-৪ এরা কি ভাবে না (এই অন্যায়ের বিচারের জন্যে) তাদের (সবাইকে একদিন কবর থেকে) তুলে আনা হবে?
- ০৮৩-৫ (তুলে আনা হবে) এক কঠিন দিবসের জন্যে,
- ০৮৩-৬ সেদিন (সমগ্র) মানব সমাজ সৃষ্টিকুলের মালিকের সামনে এসে দাঁড়াবে;
- ০৮৩-৭ জেনে রেখো, ঞনাহগারদের আমলনামা রয়েছে 'সিডজীনে';
- ০৮৩-৮ তুমি কি জানো (সে) সিডজীনটা কি?
- ০৮৩-৯ (এটা হচ্ছে) সীল করা (একটা) খাতা;
- ০৮৩-১০ (সেদিন) মিথ্যা সাব্যস্তকারীদের জন্যে চূড়ান্ত ধ্বংস অবধারিত,
- ০৮৩-১১ যারা শেষ বিচারের (এ) দিনটিকে মিথ্যা সাব্যস্ত করেছে;

- ০৮৩-১২ (আসলে) সব সীমানংঘনকারী পাপিষ্ঠ ব্যক্তি ছাড়া কেউই (এ বিচার দিনটি)-
কে মিথ্যা সাব্যস্ত করে না,
- ০৮৩-১৩ যখন তার সামনে আমার আয়াতসমূহ পড়ে শোনানো হয় তখন সে বলে,
এগুলো হচ্ছে নিছক আগের কালের গল্পগাথা;
- ০৮৩-১৪ কখনো নয়, এদের কৃতকর্ম এদের মনের ওপর মরিচা ধরিয়ে রেখেছে।
- ০৮৩-১৫ অবশ্যই এসব পাপী ব্যক্তিদের সেদিন (তাদের) মানিক থেকে আড়ানল করে
রাখা হবে;
- ০৮৩-১৬ অতঃপর তারা অবশ্যই জাহান্নামের আগুনে প্রবেশ করবে;
- ০৮৩-১৭ তারপর (তাদের) বলা হবে, এ হচ্ছে (সেই জাহান্নাম) যাকে তোমরা মিথ্যা
সাব্যস্ত করতঃ;
- ০৮৩-১৮ (হ্যাঁ,) নেককার লোকদের আমলনামা রক্ষিত আছে ইল্লিয়্যানে;
- ০৮৩-১৯ তুমি কি জানতে এ 'ইল্লিয়্যান' (-এ রক্ষিত আমলনামা) কি?
- ০৮৩-২০ (এটা হচ্ছে) একটি সীল করা বই,
- ০৮৩-২১ আল্লাহ তাআলার নিকটতম ফেরেশতারা ই তা তদারক করেন;
- ০৮৩-২২ নিঃসন্দেহে নেককার লোকেরা মহা নেয়ামতে থাকবে,
- ০৮৩-২৩ এরা সুসজ্জিত আসনে বসে (সব) অবলোকন করবে,
- ০৮৩-২৪ এদের চেহারায় নেয়ামতের (তৃপ্তি ও) সজীবতা তুমি (সহজেই) চিনতে
পারবে;
- ০৮৩-২৫ ছিপি ভাঁটা বোতল থেকে এদের সেদিন বিস্তৃত্তম পানীয় পান করানো হবে,

- ০৮৩-২৬ (পাত্রজাত করার সময়ই) কস্তুরীর সুগন্ধি দিয়ে যার মুখ বন্ধ (করে দেয়া হয়েছে); এতে (বিজলী হবার জন্যে) প্রতিটি প্রতিযোগীই প্রতিযোগিতা করুক;
- ০৮৩-২৭ (তাতে) ভাসনীমের (ফঙ্কুধারার) মিশ্রণ থাকবে,
- ০৮৩-২৮ (ভাসনীম) এমন এক বর্ণাধারা, আল্লাহ তাআলার নৈকট্যলাভকারীরাই সেদিন এ (পানীয়) থেকে পান করবে;
- ০৮৩-২৯ অবশ্যই তারা (ভীষণ) অপরাধ করেছে যারা (দুনিয়াল) ঈমানদারদের সাথে বিদ্বেষ আচরণ করতো,
- ০৮৩-৩০ তারা যখন এদের পাশ দিয়ে আসা যাওয়া করতো. তখন এরা নিজেদের মধ্যে তাদের ব্যাপারে চোখ টেপাটোপি করতো,
- ০৮৩-৩১ যখন এরা নিজেদের লোকদের কাছে ফিরে যেতো, তখন খুব উৎফুল্ল হয়েই সেখানে ফিরতো,
- ০৮৩-৩২ (তারা) যখন এদের দেখতো তখন একে অপরকে বলতো (দেখো), এরা হচ্ছে কতিপয় পথভ্রষ্ট (ব্যক্তি),
- ০৮৩-৩৩(অথচ) এদেরকে তাদের ওপর তত্ত্বাবধায়ক করে পাঠানো হয়নি;
- ০৮৩-৩৪ (বিচারের পর) আজ ঈমানদার ব্যক্তিরাই কাফেরদের ওপর (নেমে আসা আযাব দেখে) হাসবে,
- ০৮৩-৩৫ (উঁচু) উঁচু আসনে বসে তারা (এসব) দেখতে থাকবে;
- ০৮৩-৩৬ প্রতিটি কাফেরকে কি তার কর্ম অনুযায়ী বিনিময় দেয়া হবে না?

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by: *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr